গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা

www.shniyd.gov.bd

**শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট এর গবেষণার নীতিমালা প্রণয়ন সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: রফিকুল ইসলাম<br>রেজিষ্ট্রার, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট |
| তারিখ | : | ০৩মার্চ, ২০২৪ |
| সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | : | ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ |
| উপস্থিত অংশগ্রহণকারীগণের তালিকা | : | পরিশিষ্ট “ক” |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি কমিটির সদস্যবৃন্দকে অবগত করেন যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনষ্টিটিউটের গবেষণা নীতিমালা প্রণয়ন কমিটির সভা ০৬ নভেম্বর, ২০২৩ তারিখ অনুষ্ঠিত হয়। খসড়া গবেষণা নীতিমালা ১২-১১-২০২৩ তারিখে নির্বাহী কাউন্সিলের ৬ষ্ঠ সভায় উপস্থাপন করা হয়। নির্বাহী কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দ খসড়া গবেষণা নীতিমালার উপর বিভিন্ন মতামত প্রদান করেন। নির্বাহী কাউন্সিলের সিদ্ধান্তের প্রেক্ষিতে ০৭ ডিসেম্বর ২০২৩ তারিখ নির্বাহী কাউন্সিলের ১৪ জন সদস্যর নিকট লিখিত মতামত প্রেরণের অনুরোধ জানিয়ে খসড়া গবেষণা নীতিমালা প্রেরণ করা হয়। নির্বাহী কাউন্সিলের ০৩জন সম্মানিত সদস্য তাদের মতামত প্রেরণ করেন। প্রাপ্ত মতামতসমূহের উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের জন্য অদ্যকার সভা আহবান করা হয়।

‘‘গবেষণা নীতিমালা প্রণয়ন কমিটির’’ সভায় আলোচনায় অংশ নিয়ে কমিটির সদস্যগন প্রথমে ড. সুলতান মাহমুদ,সম্মানীত পরিচালক, বিশ্ববিদ্যালয় মন্জুরী কমিশন এর প্রেরিত মতামত এবং পরবর্তীতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সম্মানিত যুগ্মসচিব জনাব মোহা: লিয়াকত আলী এবং কৃষি মন্ত্রণালয়ের সম্মানিত উপসচিব জনাব শরীফ মো: ইসমাইল হোসেন এর মতামতসমূহ পর্যালোচনাপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহন করা হয়:

| ক্র: নঃ | মতামত প্রদানকারীর নাম ও পদবী | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | ড.সুলতান মাহমুদ<br>পরিচালক,<br>বিশ্ববিদ্যালয় মন্জুরী কমিশন | ক. খসড়া গবেষণা নীতিমালা/২০২৪ এর প্রথম অধ্যায়ে প্রারম্ভিক এ গবেষণা নীতিমালা প্রণয়নের প্রযোজনীয়তা উল্লেখের বিষয়ে আলোচনা করা হয়। উপকমিটির সদস্যগন এ বিষয়ে একমত প্রদান করেন যে, প্রথম অধ্যায় প্রারম্ভিক এ নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তার বিষয়ে উল্লেখ করা হয়। | খসড়া গবেষণা নীতিমালা/২০২৪ এর প্রথম অধ্যায়ের প্রারম্ভিকে নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা উল্লেখ করা হয়। | |
| | | খ. দ্বিতীয় অধ্যায়ে ২.১ এ গবেষণা কমিটিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মন্জুরী কমিশনের (ইউজিসি) একজন পরিচালক(গ্রেড-২) সদস্য হিসাবে অন্তর্ভুক্তকরন। | প্রতিনিধি, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মন্জুরী কমিশনের (ইউজিসি) (পরিচালকের নিম্নে নন) সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হবে। | |
| | | গ. নীতিমালার অনুচ্ছেদ ২.৩ এ ‘যুব সমাজের শিক্ষা ও দক্ষতা উন্নয়ন’ গবেষণার ক্ষেত্র হিসেবে যোগকরণ। | ২.৩ এর ৩নং ক্রমিকে যুব সমাজের শিক্ষা ও দক্ষতা উন্নয়ন যোগ করা হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | জনাব মোহা: লিয়াকত আলী, যুগ্মসচিব<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ক. খসড়া গবেষণা নীতিমালা অনুচ্ছেদ ১.৩ নীতিমালার উদ্দেশ্য (চ) এর শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের অনুষদ সদস্যদের পেশাদারিত্ব উন্নয়নের লক্ষ্যে গবেষণা/ প্রায়োগিক গবেষণা; পর্যন্ত রেখে বাক্যটি সম্পূর্ণ করার বিষয়ে আলোচনা করা হয়। | মতামত অনুযায়ী বাক্যটি গঠন করা হবে। | |
| | | খ. নীতিমালার ২.২ অনুচ্ছেদ এ উল্লেখিত গবেষণা কার্যক্রমের অনুমোদন ও বাস্তবায়ন বিষয়ে (ক) এবং (খ) এ প্রেরিত মতামতের উপর আলোচনা। | এ বিষয়ে কোন পরিবর্তন করার প্রয়োজনীয়তা নেই মর্মে সিদ্ধান্ত গ্রহন করা হয়। | |
| | | গ. নীতিমালার ২.৭ নং অনুচ্ছেদ এর (ঘ) নং ক্রমিকে একাডেমিক শব্দের পরিবর্তে ইনস্টিটিউট শব্দ প্রতিস্থাপন করা। | অনুচ্ছেদ ২.৭ নং এ ক্রমিক নং ঘ 'একাডেমিক' শব্দের পরিবর্তে 'ইনস্টিটিউট' শব্দটি প্রতিস্থাপন করা হবে। | |
| | | ঘ. নীতিমালার ২.১২ নং অনুচ্ছেদ এর ক এর ৩নং ক্রমিকে গবেষণা প্রতিষ্ঠানের রিসার্চ ফেলো/যে-কোন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক /প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অনুষদ সদস্য / অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা / বিদেশী বিশেষজ্ঞ এরূপে বাক্যটি সংশোধন। | মতামত অনুসারে বাক্যটি সংশোধন করা হবে। | |
| | | ঙ. খসড়া গবেষণা নীতিমালার ৩.২ এ (খ) নং ক্রমিক যোগ করে নির্বাহী কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে অনুচ্ছেদ ৩.২ (ক) এ বর্ণিত সম্মানীর হার পুন:রায় নির্ধারণ করা যাবে বিষয়ে আলোচনা। | মতামত অনুসারে বাক্যটি যোগ করা হবে। | |
| ০৩. | জনাব শরীফ মো: ইসমাইল হোসেন, উপসচিব<br>কৃষি মন্ত্রণালয় | ক. অনুচ্ছেদ ২.৩ এর ৬নং ক্রমিকে জনস্বার্থে প্রয়োজন এরুপ যে কোনো ক্ষেত্রে কৃষিকে গুরুত্ব দিয়ে কমিটির সুপারিশের ভিত্তিতে গবেণা পরিচালনা করা। | এ বিষয়ে বাক্যটি পূর্বের ন্যায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | খ. অনুচ্ছেদ ২.৭ এর (খ) এর ক্ষেত্রে গবেষণা পরিচালক/গবেষক জাতীয় বেতন স্কেলে ন্যূনতম ৬ষ্ঠ গ্রেডে কর্মরত হবেন। তবে সহযোগী-গবেষক বা গবেষণা সহযোগী ও সহকারীদের ক্ষেত্রে ন্যূনতম ৬ষ্ঠ গ্রেডে কর্মরত থাকার বাধ্যবাধকতা প্রযোজ্য হবে না, বাক্যটি গবেষণা পরিচালক/ গবেষক জাতীয় বেতন স্কেলে ন্যূনতম নবম গ্রেডে কর্মরত হবেন। তবে সহযোগী-গবেষক বা গবেষণা সহযোগী ও সহকারীদের ক্ষেত্রে ন্যূনতম ৬ষ্ঠ গ্রেডে অথবা সমমানের পদে কর্মরত হবেন দ্বারা প্রতিস্থাপনের বিষয়ে আলোচনা। | এ বিষয়ে বাক্যটি পূর্বের ন্যায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | গ. অনুচ্ছেদ ২.১১ এর (ক) ১ এ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি অংশটি যুক্ত করার বিষয়ে আলোচনা। | বিষয়টি যুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

নির্বাহী কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দের মতামত পর্যালোচনা করে প্রয়োজনীয় সংশোধন ছাড়াও ''গবেষণা নীতিমালা প্রণয়ন কমিটির'' খসড়া গবেষণা নীতিমালা ২০২৩ এবং ২.৮ নং অনুচ্ছেদটি ২.৭.১ হিসেবে চিহ্নিতকরণ, ৩.৩ অনুচ্ছেদটি বাতিল করা, সহগবেষক ও গবেষণা সহযোগী শব্দ দুটির পরিবর্তে শুধু 'সহযোগী গবেষক' হিসেবে নির্দেশিত সকল বাক্যে ব্যবহারের সভায় একমত পোষণ করা হয়।

এছাড়া খসড়া গবেষণা নীতিমালার চতুর্থ অধ্যায় এ ৪.১ এ এই নীতিমালার অন্যান্য বিধান প্রতিপালন সাপেক্ষে ইনস্টিটিউট অন্য শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানের সঙ্গে যৌথভাবে গবেষণা কার্যক্রম সম্পাদন করতে পারবে এভাবে বাক্যটি পুন:লিখনের করার বিষয়ে একমত পোষণ করা হয়।

সভায় সদস্যদের আলোচনা,পর্যালোচনা ও মতামত অনুযায়ী পরিমার্জন/পরিশোধন করে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের গবেষণা নীতিমালা/২০২৪ ইনস্টিটিউটের পরবর্তী নির্বাহী কাউন্সিলের সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত:

মো: রফিকুল ইসলাম
রেজিষ্ট্রার ও আহবায়ক
গবেষণা নীতিমালা প্রণয়ন সংক্রান্ত কমিটি
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

স্মারক নং- ঃ ৩৪.০৬.২৬৭২.০০০.৩৫.১১২.২১-৬৪৩

তারিখঃ ২৪.০৬.২০২৪

সদয় অনুলিপি বিতরন: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। অধ্যাপক ড. জেবউন নেছা (লোক প্রশাসন বিভাগ)
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়,সাভার,ঢাকা।

০২। ড.মো: জহুরুল ইসলাম (পরিচালক,গবেষনা ও উন্নয়ন)
বিপিএটিসি,সাভার,ঢাকা।

০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার,ঢাকা।
(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪/০৬/২৪

কামরুন নাহার
উপপরিচালক (প্রশাসন ও অর্থ)
সদস্য সচিব
গবেষণা নীতিমালা প্রণয়ন সংক্রান্ত কমিটি
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার,ঢাকা।